

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৯০৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯০০]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (دفنه المكث المديض وتشييع الميت والصلاة عليه وحضور دفنه المكث)

পরিচ্ছেদঃ ১৪৪: রোগীকে সাক্ষাৎ করে জিজ্ঞাসাবাদ করার মাহাত্ম্য

(144) بَابُ عِيَادَةِ الْمَرِيْضِ

আরবী

وَعَنْ أَنَسٍ رضي الله عنه، قَالَ: كَانَ غُلاَمٌ يَهُودِيُّ يَخْدُمُ النَّبِيُّ صلى الله عليه وسلم، فَمَرِضَ، فَأَتَاهُ النَّبِيُّ صلى الله عليه وسلم يَعُودُهُ، فَقَعَدَ عِنْدَ رَأْسِهِ، فَقَالَ لَهُ: « أَسْلِمْ » فَنَظَرَ إِلَى أَبِيهِ وَهُوَ عِنْدَهُ ؟ فَقَالَ: أَطِعْ أَبَا القَاسِمِ، فَأَسْلَمَ، فَخَرَجَ النَّبيُّ صلى الله عليه وسلم، وَهُوَ يَقُولُ: « اَلحَمْدُ للهِ الَّذِي أَنْقَذَهُ مِنَ النَّارِ ». رواه البخاري

বাংলা

৭/৯০৫। আনাস রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একজন ইয়াহুদী বালক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সেবা করত। হঠাৎ সে অসুস্থ হয়ে পড়ল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার রোগ জিজ্ঞাসার উদ্দেশ্যে তার নিকট গেলেন এবং তার শিয়রে বসে তাকে বললেন, ''তুমি ইসলাম গ্রহণ কর।'' সে তার পিতার দিকে তাকালে--তার পিতা সেখানেই উপস্থিত ছিল--সে বলল, 'আবুল কাসেমের কথা মেনে নাও।' সুতরাং সে বালকটি ইসলাম গ্রহণ করল। (তারপর সে মারা গেল।) অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কথা বলতে বলতে বের হয়ে চলে গেলেন যে, ''সেই আল্লাহর সমস্ত প্রশংসা, যিনি ওকে জাহান্নামের আগুন থেকে বাঁচিয়ে নিলেন।'' (বুখারী) [1]

English

(144) Chapter: Visiting the Sick

Anas (May Allah be pleased with him) reported:

A young Jewish boy who was in the service of the Prophet (ﷺ) fell ill. The Prophet (ﷺ) went to visit him. He sat down by his head and said to him, "Embrace Islam." The little boy looked at his father who was sitting beside him. He said: "Obey Abul-Qasim (i.e., the Messenger of Allah (ﷺ))." So he



embraced Islam and the Prophet (ﷺ) stepped out saying, "Praise be to Allah Who has saved him from Hell-fire."

[Al-Bukhari].

Commentary: Herein, the example of the Messenger of Allah (PBUH) inspires us to visit even a sick disbeliever and invite him to accept Islam. Besides, the Hadith tells that the company of the virtuous does bear fruit and that we should continue to hope that the heart of a disbeliever will turn to Allah at any moment. Furthermore, we come to believe that parents, though not clinging to the right way, may tell their offspring to pursue the truth.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৩৫৬, ৫৬৫৭, আবু দাউদ ৩০৯৫, আহমাদ ১২৩৮১, ১২৯৬২, ১৩৩২৫, ১৩৫৬৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন